

উপজেলা মাধ্যমিক শিক্ষা কার্যালয়  
রায়পুর, লক্ষ্মীপুর।  
উপজেলা সংস্কৃতি সম্পর্কীয় কমিটির সমন্বয় সভার কার্য বিবরণী।

সভাপতিঃ জনাব হাজী মাজেদা বেগম।

তারিখ ও সময়ঃ ১৪/০৭/২০২১ ইং বেলা ০৪ঃ০০ ঘটিকা।

স্থানঃ উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যানের কার্যালয়, উপজেলা পরিষদ, রায়পুর, লক্ষ্মীপুর।

উপস্থিত সদস্যদের তালিকাঃ পরিশিষ্ট "ক"

ক্রমিক নং	নাম	ঠিকানা	কমিটির পদবী	উপস্থিতির স্বাক্ষর
০১	জনাব হাজী মাজেদা বেগম	মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রায়পুর	সভাপতি	<i>মাজেদা বেগম</i>
০২	জনাব মোঃ শফিক পাঠান	চেয়ারম্যান, ৩নং চরনোহা ইউনিয়ন পরিষদ, রায়পুর	সদস্য	<i>মোঃ শফিক পাঠান</i>
০৩	জনাব বি এম হুসুফ জালাল	চেয়ারম্যান, ৪নং সোনাপুর ইউনিয়ন পরিষদ, রায়পুর	সদস্য	<i>বি এম হুসুফ জালাল</i>
০৪	জনাব মোঃ খোরশেদ আলম	চেয়ারম্যান, ৫নং চরপাতা ইউনিয়ন পরিষদ, রায়পুর	সদস্য	<i>মোঃ খোরশেদ আলম</i>
০৫	জনাব এ কে এম সাইফুল হক	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রায়পুর, লক্ষ্মীপুর	সদস্য সচিব	<i>এ কে এম সাইফুল হক</i>

আলোচ্য সূচী :

- ১) বিগত কমিটির সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন প্রসঙ্গে আলোচনা ;
- ২) আগামী ৫ আগষ্ট /২০২১ বীরমুক্তিযুদ্ধ শহীদ ক্যাপ্টেন শেখ কামাল এর ৭২তম জন্মবার্ষিকী পালন সম্পর্কে আলোচনা
- ৩) আগামী ৮ আগষ্ট /২০২১ বঙ্গমাতা বেগম ফজিরাতুন নেছা মুজিব এর ৯১তম জন্ম বার্ষিকী সম্পর্কে আলোচনা
- ৪) আগামী ১৫ আগষ্ট /২০২১ জাতীয় শোক দিবস পালন সম্পর্কে আলোচনা ;
- ৫) বিবিধ।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভায় সভাপতির অনুমতিক্রমে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও সদস্য সচিব বিগত সভার কার্য বিবরণী পাঠ করে শুভান। সভায় বিগত সভার কার্য বিবরণীতে কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

অন্য সভায় ০২, ০৩, ০৪ নং বিষয় নিয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

১। আগামী ৫ আগষ্ট /২০২১ বীরমুক্তিযুদ্ধ শহীদ ক্যাপ্টেন শেখ কামাল এর ৭২তম জন্মবার্ষিকী পালনের জন্য সভাপতি উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে শিক্ষা প্রতিষ্ঠান সমূহে শহীদ ক্যাপ্টেন শেখ কামাল এর ৭২তম জন্মবার্ষিকীতে সাংস্কৃতিক অনুষ্ঠান এবং দিবসটি উপলক্ষে প্রতিষ্ঠান প্রধানদের প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদানের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

২। আগামী ৮ আগষ্ট /২০২১ বঙ্গমাতা বেগম ফজিরাতুন নেছা মুজিব এর ৯১তম জন্ম বার্ষিকীতে স্মৃতিচারণ সহ আলোচনা সভা এবং সাংস্কৃতিক অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। আগামী ১৫ আগষ্ট /২০২১ জাতীয় শোক দিবস সীমিত পরিসরে পালনের জন্য সভাপতি উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের ১৫ আগষ্ট /২০২১ জাতীয় শোক দিবস সীমিত পরিসরে উদযাপনের লক্ষ্যে নির্দেশ প্রদানের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

*মাজেদা বেগম*  
(হাজী মাজেদা বেগম) ১৪/০৭/২০২১

উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

উপজেলা সংস্কৃতি সম্পর্কীয় কমিটি

রায়পুর, লক্ষ্মীপুর।

তারিখঃ ১৪/০৭/২০২১ ইং।

স্মারক নং - উমাশিঅ/রায়/লক্ষ্মী/২০২১/ ২১৫ (২)

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলঃ

- ১। মাননীয় সংসদ সদস্য, লক্ষ্মীপুর-২, রায়পুর, লক্ষ্মীপুর।
- ২। জেলা প্রশাসক, লক্ষ্মীপুর।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রায়পুর, লক্ষ্মীপুর।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, রায়পুর, লক্ষ্মীপুর।
- ৫। জেলা শিক্ষা অফিসার, লক্ষ্মীপুর।
- ৬। জনাব, -----বিদ্যালয়/মাদ্রাসা।
- ৭। অফিস কপি।

*এ কে এম সাইফুল হক*  
১৪/০৭/২১

(এ কে এম সাইফুল হক)  
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার  
রায়পুর, লক্ষ্মীপুর।